



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-১৬৯/ক/স্বী/০৮/২০১৯


তারিখ: ২২/০৮/২০১৯

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ অধ্যক্ষের ২৭/০৩/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন 'ব্রহ্মপুত্র রেসিডেন্সিয়াল মডেল কলেজ'-এ ২০০৯-১০ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি দেওয়ার পর কমিটি গঠনের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। অথচ উক্ত অনুমতি পত্রের ৭নং শর্তে নির্বাহী কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নেওয়ার নির্দেশনা রয়েছে। অত্র বোর্ডের ১৮/১১/২০০৯ তারিখের ১৬৯/ক/স্বী/৮/৪৫৬ নং স্মারকে নির্বাহী কমিটি গঠন করার জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু নির্বাহী কমিটি গঠন না করে দীর্ঘদিন কলেজটি কমিটি বিহীন অবস্থায় পরিচালিত হচ্ছে।

বোর্ডের নির্দেশনা অমান্য করে এবং পাঠদানের অনুমতির শর্ত লঙ্ঘন করে কমিটি বিহীন অবস্থায় কলেজ পরিচালনা করার কারণ ব্যাখ্যা করার জন্য অনুরোধ করা হলো।


২২/০৮/২০১৯

ড. মোঃ আশফাকুস সালাহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ

ব্রহ্মপুত্র রেসিডেন্সিয়াল মডেল কলেজ
গোলপুকুরপাড়, সদর, ময়মনসিংহ।

